

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৩১-আইন/২০২৩/১৭৫/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ২৮ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৩ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ৩৭৩-আইন/২০১৯/৫২/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) শর্তাবলির শর্ত (খ) এ উল্লিখিত “চালানওয়ারী একটি প্রত্যয়নপত্র” শব্দগুলির পরিবর্তে “পরিমাণ ভিত্তিক একটি প্রত্যয়নপত্র” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) পরিশিষ্ট-১ এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট-১ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট-১

[শর্ত (খ) দ্রষ্টব্য]

প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স
. সরকারি বা বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বাণিজ্যিক উৎপাদন ইতোমধ্যে শুরু করিয়াছে। প্রত্যয়নাধীন কয়লা বিদ্যুৎ উৎপাদনের সহিত সরাসরি সম্পর্কিত এবং কেবলমাত্র বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে আমদানিকৃত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিমাণ আমদানিকৃত কয়লা উক্ত কেন্দ্রে ব্যবহৃত হইবে।

তারিখ :

স্বাক্ষর :

নাম :

পদবি :

সীল : ”।; এবং

(৩) পরিশিষ্ট-২ এ উল্লিখিত “শর্ত (৪) দ্রষ্টব্য” শব্দগুলি, বন্ধনী ও সংখ্যার পরিবর্তে “শর্ত (ঘ) দ্রষ্টব্য” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।